গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং-০২, গরীবে নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

নথি নং-০৮.০১.২৬৫৩.০০১.০৯.০০১.২২ . ৭৭৫৯(৫) তারিখ: ২৬/১০/২০২৪ খ্রি.

## অফিস আদেশ

**বিষয়: কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকার কার্যক্রম সম্পাদনে কর্মকর্তাদের ক্ষমতা অর্পণ ও সুনির্দিষ্টকরণ।**

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকার বন্ড সংক্রান্ত কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও বিভিন্ন পর্যায়ে জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে কলাম-২এ বর্ণিত কার্যাবলী কলাম-৩এ উল্লিখিত কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদনের আদেশ দেয়া হলো:

| ক্রমিক নং | কার্যক্রম | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১ | বন্ড লাইসেন্স প্রদান | কমিশনার |
| ২ | বন্ড লাইসেন্স নবায়ন (অনুমোদিত এসোশিয়েশন এর সদস্যভুক্ত প্রতিষ্ঠান ব্যতীত) | কমিশনার |
| ৩ | মেয়াদোত্তীর্ণ পণ্যের ক্ষেত্রে বন্ডের মেয়াদ বৃদ্ধিকরণ | কমিশনার |
| ৪ | দাবিনামা সমন্বয়/বকেয়া রাজস্বের কিস্তি নির্ধারণ | কমিশনার |
| ৫ | বন্ড লাইসেন্স স্থগিত/বাতিলের জন্য কারণ দর্শাও নোটিশ জারি | কমিশনার |
| ৬ | বন্ড লাইসেন্স স্থগিত/বাতিলকরণ | কমিশনার |
| ৭ | বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতা/ব্যাংক গ্যারান্টির বিনিময়ে পণ্যচালান খালাসের লক্ষ্যে প্রত্যয়ন পত্র প্রদান | কমিশনার |
| ৮ | অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার পর্যায়ের কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর। | কমিশনার |
| ৯ | পোশাক শিল্প ব্যতীত প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সে মেশিনারীজ/কাঁচামাল/এইচ.এস. কোড সংযোজন/বিয়োজন | কমিশনার |
| ১০ | বন্ড সংক্রান্ত বিভিন্ন অনিয়মের ক্ষেত্রে তদন্ত কর্মকর্তা নিয়োগ | কমিশনার |
| ১১ | আমদানি প্রাপ্যতা অনুমোদন/বৃদ্ধি | অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর.ও নং- ২১৪-আইন/২০২৪/৬৬/কাস্টমস তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. এর বর্ণিত ক্ষমতা অনুযায়ী |
| ১২ | পোশাক শিল্পের বন্ড লাইসেন্সে মেশিনারীজ সংযোজন/বিয়োজন | সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার |
| ১৩ | পোশাক শিল্পের বন্ড লাইসেন্সে এইচ.এস. কোড সংযোজন/বিয়োজন | কমিশনার |
| ১৪ | সকল প্রকার দাবীনামা/কারণ দর্শানো নোটিশ জারির ক্ষেত্রে কার্যক্রম গ্রহণ। | The Customs Act 1969 এর Section 179 মোতাবেক বা নতুন কাস্টমস আইনে সংশ্লিষ্ট ধারা মোতাবেক যথাযথ কর্মকর্তা |

| ক্রমিক নং | কার্যক্রম | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১৫ | মালিকানা হস্তান্তর/পরিবর্তন ও এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন | অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর.ও নং- ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখঃ ২৯/০৫/২০২৪ খ্রি. এ বর্ণিত ক্ষমতা অনুযায়ী |
| ১৬ | কারখানা স্থানান্তর/পরিবর্তন ও এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন | |
| ১৭ | বন্ড প্রতিষ্ঠানের বার্ষিক অডিট অনুমোদন | সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার |
| ১৮ | কাটিং তদারকির কমিটি গঠন | সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার<br>বিশেষ ক্ষেত্রে কমিশনার |
| ১৯ | আমদানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির অনুমোদন ও প্রত্যয়নপত্র ইস্যুকরণ | ব্যাংক গ্যারান্টি অবমুক্তির জন্য গঠিত সংশ্লিষ্ট কমিটির সুপারিশের ভিত্তিতে কমিশনার অনুমোদন দিবেন, উপ/সহকারী কমিশনার প্রত্যয়নপত্র ইস্যু করবেন। |
| ২০ | রাজস্ব কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি অনুমোদন | কমিশনার |
| ২১ | সহকারী রাজস্ব কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি অনুমোদন | সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার |
| ২২ | বন্ড লাইসেন্স এ পৃষ্ঠা সংযোজন | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |
| ২৩ | কাঁচামালের অস্থায়ী/স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর | অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর.ও নং- ২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমসঃ তারিখঃ ২৯/০৫/২০২৪ খ্রি. এ বর্ণিত ক্ষমতা অনুযায়ী |
| ২৪ | কাঁচামালের অস্থায়ী/স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর (ইপিজেড এর ক্ষেত্রে) | |
| ২৫ | লিয়েন ব্যাংক সংযোজন/পরিবর্তন এবং এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |
| ২৬ | জেনারেল বন্ড গ্রহণ | অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর.ও নং- ২১০-আইন/২০২৪/৬২/কাস্টমসঃ তারিখঃ ২৯/০৫/২০২৪ খ্রি. এ বর্ণিত ক্ষমতা অনুযায়ী |
| ২৭ | আমদানি প্রাপ্যতার অতিরিক্ত পণ্য আমদানি ও অন্যান্য অনিয়মের মাধ্যমে শুল্ককর ফাঁকি সংক্রান্ত বা অডিটের মাধ্যমে উত্থাপিত সকল বিষয়ে মামলার নিষ্পত্তি | আইন অনুযায়ী সংশ্লিষ্ট ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা |
| ২৮ | ইউটিলাইজেশন পারমিশন অনুমোদন | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার (ক্ষেত্রেবিশেষে কমিশনার কর্তৃক পদস্থ অন্য কোন পর্যায়ের কর্মকর্তা) |
| ২৯ | ডেডো কর্তৃক সহগ নির্ধারণের ক্ষেত্রে এ দপ্তরের সুপারিশ প্রেরণ | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |
| ৩০ | অংশ নথি খোলার অনুমোদন | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |
| ৩১ | তৃতীয় শ্রেণির ও চতুর্থ শ্রেণি ও কনটিনজেন্ট কর্মচারীদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর (ব্যক্তিগত কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ ছুটি মঞ্জুর করবেন) | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |

| ক্রমিক নং | কার্যক্রম | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ৩২ | Asycuda World System-এ বন্ডেড প্রতিষ্ঠানের বিপরীতে সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান সংযোজন/বিয়োজন অনুমোদন এবং অপারেশন ম্যানেজার (OPM) হিসেবে সংশ্লিষ্ট বন্ড প্রতিষ্ঠানের ওয়্যারহাউস কোড ও বিন এর সংযোগ স্থাপন। | সংশ্লিষ্ট উপ/সহকারী কমিশনার |

০২। উপরিউক্ত কার্যাবলী সংক্রান্ত পূর্বের সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

[আবুল বাসার মোঃ শফিকুর রহমান]
২৩/১০/২৪
কমিশনার

নথি নং-০৮.০১.২৬৫৩.০০১.০৯.০০১.২২ তারিখ: /১০/২০২৪ খ্রি.

**বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১) অতিরিক্ত কমিশনার, (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২) জয়েন্ট কমিশনার, (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৩) ডেপুটি কমিশনার, (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৪) সহকারী কমিশনার, (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৫) সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৬) রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৭) শাখা সহকারী (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৮) নোটিশ বোর্ড।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

৯) পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০) পিএ টু সদস্য (শুল্ক রপ্তানী, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১) পিএ টু সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

[চপল চাকমা]
ডেপুটি কমিশনার।